

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৭২.০০১.০০.০০.০১২.২০১১-৬২৭

তারিখঃ ১৯.১০.২০১৪খি:

প্রেরকঃ সালমা সিদ্দিকা মাহতাব
সিনিয়র সহকারী সচিব

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় “হেলথ এডুকেশন এন্ড প্রমোশন (কোড নং-৫-২৭১১-৫১৯০)” শীর্ষক কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত চলতি ২০১৪-২০১৫ অর্থ বছরে এডিপিতে বরাদ্দকৃত অর্থ হতে জিওবি খাতের ২য় কিস্তি বাবদ অর্থ ছাড় সংক্রান্ত।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক ৩১.০৮.২০১৪ তারিখের ৪৫.১৭২.০০১.০০.০০.০১২.২০১১-৫৩৬ সংখ্যক সরকারী আদেশে অনুমোদিত বিভাজন অনুযায়ী এই মর্মে আদিষ্ট হয়ে “হেলথ এডুকেশন এন্ড প্রমোশন (কোড নং-৫-২৭১১-৫১৯০)” শীর্ষক কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত চলতি ২০১৪-২০১৫ অর্থ বছরে এডিপি-তে বরাদ্দকৃত জিওবি খাতের অর্থ হতে ২য় কিস্তি বাবদ ২৯৯.০০ লক্ষ (দুই কোটি নিরানব্বই লক্ষ) টাকা নিম্নোক্তভাবে ছাড়করণে সরকারি মঞ্জুরী জ্ঞাপন করছি।

বাস্তবায়নকারী সংস্থার নাম	প্রকল্পের/ কর্মসূচির নাম ও কোড নম্বর	অনুমোদিত/পিসিপি অনুমোদিত/ অননুমোদিত	কিস্তির নাম	রাজস্ব খাতের অর্থ	মূলধন খাতের অর্থ	মোট অবমুক্তকৃত অর্থ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	“হেলথ এডুকেশন এন্ড প্রমোশন (কোড নং-৫-২৭১১-৫১৯০)”	অনুমোদিত	২য়	২৯৬.০০ লক্ষ	৩.০০ লক্ষ	২৯৯.০০ লক্ষ

০২। এ ব্যয় বর্তমান অর্থ বছরের উন্নয়ন বাজেটে মঞ্জুরী নং-২৭ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটে “হেলথ এডুকেশন এন্ড প্রমোশন (কোড নং-৫-২৭১১-৫১৯০)” হতে বহন করা হবে।

০৩। উপরোক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে। শুল্ক ও মূল্য সংযোজন কর এবং পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এই অংকের বহির্ভূত।

০৪। এই বরাদ্দের অধীনে ব্যয় অনুমোদিত প্রকল্প ছকে বর্ণিত দফাওয়ারী বরাদ্দ অনুযায়ী ব্যয় করতে হবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হবে না।

০৫। এই আদেশ অর্থ বিভাগের ১৩.১১.২০১২ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫৪০ সংখ্যক স্মারকে এ মন্ত্রণালয়-কে প্রদত্ত ক্ষমতাবলে নিম্নোক্ত শর্তে জারী করা হলো:

- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act-2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- ওপি’র সংস্থান অনুযায়ী ছাড়কৃত অর্থ ব্যয় করতে হবে;
- বিভিন্ন কোড ও সাব-কোড এর বিপরীতে গৃহীত বরাদ্দ বা ব্যয় ওপিতে ঐ কোড ও সাব-কোড এর বিপরীতে মোট অর্থ সংস্থানের মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে-এর ব্যত্যয় হলে সংশ্লিষ্ট লাইন ডাইরেক্টর দায়ী থাকবেন; এবং
- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

(সালমা সিদ্দিকা মাহতাব)
সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৪৯৫৫৩

saspil@mohfw.gov.bd


অপর পৃষ্ঠা দৃষ্টব্য

নং-৪৫.১৭২.০০১.০০.০০.০১২.২০১১-৬২৭/১(৯)

তারিখঃ ১৯.১০.২০১৪খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। লাইন ডাইরেক্টর, হেলথ এডুকেশন এন্ড প্রমোশন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। উপ-প্রধান, স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো ও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৩। উপ-সচিব (এফএমএইউ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপ-প্রধান, স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো ও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৫। সিনিয়র সহকারী সচিব (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- ৭। যুগ্মসচিব (আঃব্যঃ ও অঃ/প্রকল্প বাস্তবায়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। যুগ্ম-প্রধান (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।


(সালমা সিদ্দিকা মাহতাব)
সিনিয়র সহকারী সচিব